**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বচ্ছ নিয়োগ নীতি প্রণয়ন করে রাজ্যে সরকারি চাকরি প্রদান করা হচ্ছে ।**

**(২) জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, জনজাতি অধ্যুষিত এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষদের স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে একটি বিশেষ পাইলট প্রকল্প হাতে নেওয়া হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজস্থানের বিকানেরে ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন ।**

**(৪) দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে ইভেন্টের গ্রীষ্মকালীন প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে ।**

*******************************************

**CM-Offer :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বচ্ছতার সঙ্গে নিয়োগ নীতি প্রণয়ন করে রাজ্যে সরকারি চাকরি প্রদান করা হচ্ছে। আজ যারা সরকারি চাকরিতে যোগদান করছেন, তারা সকলে তাদের মেধা এবং কঠোর পরিশ্রমের ফলেই চাকরি পেয়েছেন। আজ আগরতলার প্রজ্ঞাভবনে ফুড ইনস্পেক্টর পদে নির্বাচিত চাকরি প্রাপকদের মধ্যে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠান এবং মেগা রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন।

# # # # # # #Byte-CM# # # # # #

মুখ্যমন্ত্রী বলেন, এই সরকার ক্ষমতায় আসার পর থেকে আজ পর্যন্ত ডাই-ইন-হারনেস সহ মোট ১৯ হাজার ২৬২ জনকে বিভিন্ন দপ্তরে সরকারি চাকরি দেওয়া হয়েছে। বিভিন্ন দপ্তরে নতুন পদ সৃষ্টি সহ শূন্য পদগুলি পূরণেরও উদ্যোগ নেওয়া হয়েছে। খাদ্য দপ্তরে আরও ১২ জন সাব ইনস্পেক্টর, ৩ জন ফিউমিগেশন অ্যাসিস্টেন্ট, ৬ জন স্টোরকিপার এবং ৩৫ জন স্টোর গার্ড পদে নিয়োগ করার উদ্যোগ নেওয়া হয়েছে।

তিনি আরো বলেন, রাজ্যের গণবন্টন ব্যবস্থাকে সর্বদা সচল রাখতে খাদ্য দপ্তরের সকলস্তরের কর্মচারীগণ নিরলস প্রয়াস অব্যাহত রেখেছেন। রাজ্যের জনগণের খাদ্য সুরক্ষা নিশ্চিত করতে গণবন্টন ব্যবস্থায় ৬ লক্ষ ৬ হাজার প্রায়োরিটি হাউস হোল্ড এবং অন্ত্যোদয় অন্ন যোজনা পরিবারের জন্য ধারাবাহিকভাবে বিনামূল্যে চাল সরবরাহ করা হচ্ছে। ৩ লক্ষ ৮৩ হাজার এ.পি.এল, ভুক্ত পরিবারকে ভর্তুকিতে চাল দেওয়া হচ্ছে।

মুখ্যমন্ত্রী বলেন, ২০১৮ সাল থেকে ন্যূনতম সহায়ক মূল্যে এখন পর্যন্ত রাজ্যের কৃষকদের কাছ থেকে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিকটন ধান কেনা হয়েছে। এরফলে ন্যূনতম সহায়ক মূলা হিসাবে প্রায় ৪৪৬ কোটি টাকা কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হয়েছে।

প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় ২০১৮ সাল থেকে পর্যায়ক্রমে সারা রাজ্যে মোট ৩ লক্ষ ৬৪ হাজার ৮৪৭টি এলপিজি, সংযোগ দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন পরিবহণ দপ্তরের সচিব সি. কে. জমাতিয়া। আজকের অনুষ্ঠানে ফুড ইনস্পেক্টর পদে নির্বাচিত ১৫ জন চাকরি প্রাপকের হাতে নিয়োগপত্র প্রদান করা হয়।

*******************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, জনজাতি অধ্যুষিত এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষদের স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে

একটি বিশেষ পাইলট প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে এই পাইলট প্রকল্পটি তেলিয়ামুড়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়কের অধীনে থাকবে। এই প্রকল্পের মাধ্যমে আনারস ও কলা চাষকে উৎসাহিত করে জনজাতি জনগণের আর্থিক উন্নয়ন ঘটানো হবে। আজ তেলিয়ামুড়ায় এক বৈঠকে তিনি একথা জানান। মন্ত্রী জানান, এই প্রকল্প শুধু উৎপাদন নয়, মানুষের জীবনে স্থায়ী স্বনির্ভরতা গড়ে তোলার একটি বাস্তব পদক্ষেপ।

****************************

**Minister Tinku Roy :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষনে তিনি বাল্যবিবাহ ও অপ্রাপ্তবয়স্ক মাতৃত্ব ঠেকাতে সব অংশের নাগরিকদের এগিয়ে আসার আহ্বান জানান। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। শিবিরে ২০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Minister Sudhangshu Das :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ কৈলাশহর সার্কিট হাউসে এক প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। এখানে তাঁর দায়িত্বে থাকা তিনটি দপ্তরের কাজকর্মের পর্যালোচনা করা হয়। শ্রী দাস বলেন, জনস্বার্থে গৃহীত সরকারি কর্মসূচীর সফল ও সার্থক রূপায়ণের লক্ষ্যে পর্যালোচনা করা, মতবিনিময় করার জন্য এই বৈঠকের আয়োজন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা ও অন্যান্য পদস্থ আধিকারিকগণ।

***************************

**Road Accident :**

আগরতলার কামারপুকুর এলাকায় আজ সকালে এক পথ দুর্ঘটনায় পুষ্প বালা দাস নামে ৭৪ বছরের এক বৃদ্ধার মৃত্যু হয়। পুলিশ সূত্রে জানা যায় একটি দ্রুতগামী ট্রাক গাড়ি রাস্তায় দাঁড়িয়ে থাকা ওই মহিলাকে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত অবস্থায় তাকে জিবি হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করে। নিহত মহিলার বাড়ি আড়ালিয়ার লোকনাথপাড়া এলাকায়।

****************************

**Tiranga Yatra :**

"অপারেশন সিঁদুর" এর সফল অভিযান থেকে শুরু করে ভারতীয় সেনাবাহিনীর পরাক্রমকে শ্রদ্ধা জানিয়ে আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গণ থেকে জাতীয় পতাকা হাতে নানা বয়সী, নানা পেশার নাগরিকরা এতে অংশ নেন। উপস্থিত ছিলেন, শ্রমমন্ত্রী টিংকু রায়, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজস্থানের বিকানেরে ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করবেন। এই প্রকল্পগুলি রেলওয়ে, সড়কপথ, বিদ্যুৎ, জল এবং নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষেত্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই সফরকালে, প্রধানমন্ত্রী ১৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৬টি জেলায় ১০৩টি পুনর্নির্মিত অমৃত স্টেশন উদ্বোধন করবেন।

***************************

**Rajiv Gandhi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর মৃত্যুবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং প্রবীণ কংগ্রেস নেতা রাহুল গান্ধীও নতুনদিল্লির বীরভূমিতে প্রাক্তন প্রধানমন্ত্রীকে শ্রদ্ধা জানিয়েছেন।

*************************

**Death Anniversary :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর প্রয়াণ দিবস পালন করা হয়। এ উপলক্ষ্যে আগরতলায় কংগ্রেস ভবনে রাজীব গান্ধীর মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ অর্পণ করেন দলের নেতা কর্মীরা। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ প্রমুখ। গান্ধীঘাট শহীদ বেদীতেও কংগ্রেস নেতৃবৃন্দ ও কর্মীরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

কৈলাশহর কংগ্রেস ভবনে আয়োজিত অনুষ্ঠানে রাজীব গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পস্তবক ও মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হয়। রাজীব গান্ধীর জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, পি.সি.সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য প্রমুখ।

সোনামুড়া কংগ্রেস ভবনে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ২০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা, সোনামুড়া জেলা কংগ্রেস সভাপতি দীপক চক্রবর্তী প্রমুখ।

**************************

**Oporetion Sindoor :**

অপারেশন সিন্দুরের পর পাকিস্তানের মদদপুষ্ট সন্ত্রাসবাদ উন্মোচন করতে ভারত, কূটনৈতিক যোগাযোগ কর্মসূচি শুরু করেছে। এই লক্ষ্যে জেডি(ইউ) সাংসদ সঞ্জয় কুমার ঝা-এর নেতৃত্বে একটি সর্বদলীয় প্রতিনিধিদল আজ ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, কোরিয়া প্রজাতন্ত্র এবং সিঙ্গাপুর সফরের জন্য যাত্রা শুরু করেছে। শিবসেনা সাংসদ শ্রীকান্ত শিন্ডের নেতৃত্বে আরেকটি প্রতিনিধিদল আজ সংযুক্ত আরব আমীর শাহী, লাইবেরিয়া, গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গো এবং সিয়েরা লিওন সফরে যাচ্ছে। প্রতিনিধিরা সকল ধরণের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ভারতের দৃঢ় দৃষ্টিভঙ্গি তুলে ধরবেন।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে মতামত রেকর্ড করানো যাবে।

ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

**Opposition Leader & DM :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ দক্ষিন জেলার বিলোনিয়া শহর সংলগ্ন বল্লামুখা এলাকা পরিদর্শন করেন। সীমান্তের ওপারে উঁচু করে বাঁধ তৈরির কারনে বল্লামুখা ও উত্তর বিলোনিয়া এলাকার বৃষ্টির জল নিষ্কাশন করা যাচ্ছে না। এবিষয়ে তিনি স্থানীয় জনগন ও সীমান্তে কর্তব্যরত সীমান্ত রক্ষী বাহিনীর জওয়ানদের সঙ্গে কথা বলেন। বিষয়টি নিয়ে তিনি রাজ্য সরকার ও জেলা প্রশাসনের সঙ্গে কথা বলবেন বলে স্থানীয়দের আশ্বস্ত করেন। বিরোধী নেতার সঙ্গে ছিলেন বিধায়ক অশোক কুমার মিত্র, প্রাক্তন বিধায়ক সুধন দাস প্রমুখ। এদিকে, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আজ এক সাংবাদিক সম্মেলনে জানান, জল জমে থাকার কারন চিহ্নিত করেছে প্রশাসন। শীঘ্রই জল নিষ্কাশনের উদ্যোগ নেওয়া হবে।

*****************************

**PM JANMAN :**

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান প্রকল্পের দক্ষিন জেলার কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করতে আজ দক্ষিন জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি-র পৌরহিত্যে আজ বিলোনিয়ায় এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত থেকে এই প্রকল্পের কাজকর্মের অগ্রগতি সম্পর্কে জেলা শাসককে অবহিত করেন। পিএম জনমন প্রকল্পের অসমাপ্ত কাজগুলি দ্রুত শেষ করার নির্দেশ দেন জেলা শাসক।

*************************

**Ratan Lal Nath :**

দক্ষিন জেলার রাজনগরের বন দপ্তরের বাংলোয় আজ কৃষিমন্ত্রী রতন লাল নাথের পৌরাহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সমবায় মন্ত্রী শুক্লাচরন

নোয়াতিয়া, দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়িকা স্বপ্না মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

**************************

**Summer Sports Camp :**

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে জেলার ৫৫টি স্থানে শুরু হয়েছে ১৭টি ইভেন্টের গ্রীষ্মকালীন প্রশিক্ষণ শিবির। এর মধ্যে বিলোনিয়ার বি.কে.আই মাঠে শুরু হয়েছে অনূর্ধ্ব ১৪ রাজ্যভিত্তিক খো খো প্রশিক্ষণ শিবির। আজ বিলোনিয়া পুরাতন টাউন হলে আয়োজিত এক অনুষ্ঠানে গ্রীষ্মকালীন প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। উপস্থিত ছিলেন পদ্মশ্রী দীপা কর্মকার, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ।

***********************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় পান্তুই স্পোর্টিং সোসাইটি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় পান্তুই স্পোর্টিং সোসাইটি ৬-৪ গোলে সিমনা তমাকারী ফুটবল ক্লাবকে পরাজিত করে।

****************************

**Weather :**

নির্ধারিত সময়ের আগেই কেরালায় বর্ষা প্রবেশ করবে। ভারতীয় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আজ জানানো হয়েছে, আগামী তিন চারদিনের মধ্যেই কেরালায় দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু পৌঁছে যাবে। এদিকে, আজ আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বর্ষণ সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে

পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ১৭ দশমিক ছয় মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

********************************